

ঐ দৈনিক
চাঁদনী বাজার

সমাজের অনাচার অবিচারের বিরুদ্ধে আমাদেরকে সজাগ থাকতে হবে-জেলা প্রশাসক, বগুড়া

স্টাফ রিপোর্টারঃ শ্রীকৃষ্ণের ৫২৪৭
 তম জন্ম বার্ষিকী উপলক্ষে গতকাল
 সোমবার দুপুর ১২ টায় বগুড়া
 শহরের চেলোপাড়া নববৃন্দাবন
 হরিবাসর অঙ্গনে স্বাস্থ্যবিধি মেনে
 আলোচনা সভা ও বিশেষ প্রার্থনা
 সভা অনুষ্ঠিত হয়। হিন্দু ধর্মীয়
 কল্যাণ ট্রাস্টের আয়োজনে
 আলোচনা সভায় সভাপতিত্ব করেন
 প্রকল্পের সহকারী পরিচালক

সত্যজিত প্রাপ্তি। গীতা পাঠের মাধ্যমে
 শুরু হওয়া অনুষ্ঠানে শুরুতেই
 অতিথি বৃন্দদের ফুল দিয়ে বরণ করা
 হয়। পরে মঙ্গল প্রদীপ ব্রেলে
 অনুষ্ঠানের শুভ সুচনা করেন সভার
 প্রধান অতিথি বগুড়া জেলা প্রশাসক
 মোঃ জিয়াউল হক। তিনি তার
 বক্তব্যে বলেন সমাজের অনাচার
 অবিচারের বিরুদ্ধে আমাদেরকে
 সজাগ থাকতে হবে। তার জন্য

সকল ধর্মের মানুষের এক সাথে
 সকল ভেদাভেদে ভূলে বসবাস
 করতে হবে। তবেই সমাজে শান্তি
 প্রতিষ্ঠা হবে। বিশেষ অতিথি
 হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া
 জেলার নবাগত পুলিশ সুপার সুদীপ
 কুমার চক্রবর্তী (বিপিএম
 সেবা), অতিরিক্ত জেলা প্রশাসক
 (রাজস্ব), উজ্জল কুমার ঘোষ, জেলা
 হিন্দু বৌদ্ধ খ্রিস্টান (পৃষ্ঠা ৩ কলাম ৩)

সমাজের অনাচার অবিচারের

এক্য পরিষদ জেলা সভাপতি ডাঃ এন সি বাড়ই, জেলা পূজা উদযাপন পরিষদ জেলা
 সভাপতি দিলীপ কুমার দেব, সাধারণ সম্পাদক সাগর কুমার রায়, নববৃন্দাবন
 হরিবাসর কমিটির সভাপতি সুকুমার ঘোষ, সমর কুমার দাস, অসীম কুমার দাস,
 পরিমল প্রসাদ রাজ, আশীষ কুমার রায়, দৈনিক করতোয়া পত্রিকার বাতী সম্পাদক
 প্রদীপ ভট্টাচার্য শংকর, বগুড়া জেলা স্কুল প্রধান শিক্ষক শ্যামপদ মুন্তফী, উত্তর বাংলা
 সারস্বত আশ্রমের অধ্যক্ষ শ্রীমৎ দেব চৈতন্য ব্ৰহ্মচারী, নিরঞ্জন সিংহ, বিধান চন্দ্ৰ সিংহ
 প্রমুখ। সভা সঞ্চালকের দায়িত্ব পালন করেন অমরেশ চন্দ্ৰ দাস, প্রার্থণা সভা
 পরিচালনা করেন স্কুল ভিত্তিক কেন্দ্ৰ শিক্ষক জয়ন্ত চক্ৰবৰ্তী। অনুষ্ঠান শেষে ভজদের
 মাঝে প্রসাদ বিতরণ করা হয়।